গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
বাংলাদেশ কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরি
sknpl.portal.gov.bd



নং: ৪৩.২৬.০০০০.০০২.১৮.০০৬.২০২৬.২১৪

তারিখ: ২০.০৮.২০২৬ খ্রি:

বিষয়: কর্মকর্তাদের কর্মবন্টন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে বাংলাদেশ কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরির কর্মকর্তাদের কর্মবন্টন নিম্ন ছকে উল্লেখপূর্বক প্রস্তুত করা হলো।

ক্রমিক	নাম ও পদবী	দায়িত্ব/কার্যাবলী	প্রতিকল্প কর্মকর্তা	উর্ধ্বতন কর্মকর্তা
১	শামীম আরা সুবর্না সিনিয়র লাইব্রেরিয়ান পাঠকসেবা (সাধারণ, রেফারেন্স, শিশু কিশোর) ও কারিগরি প্রক্রিয়াকরণ শাখা	ক) পাঠকসেবা (সাধারণ, রেফারেন্স ও শিশু কিশোর) সংক্রান্ত সকল কার্যক্রম মনিটরিং; খ) পাঠকসেবার মান উন্নয়নে নতুন নতুন কৌশল খুঁজে বের করা এবং তা বাস্তবায়ন করা; গ) পাঠকসেবা সংশ্লিষ্ট সিদ্ধান্ত প্রদানে পরিচালককে সহায়তা করা; ঘ) আধুনিক গ্রন্থাগার বিজ্ঞানের আলোকে গ্রন্থাগার সেবার ক্ষেত্রে আন্তর্জাতিক মান নিশ্চিত করা; ঙ) পাঠকদের সাথে মতবিনিময় কার্যক্রম পরিচালনা করা; চ) পাঠক সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠনের সাথে নিয়মিত যোগাযোগ করা; ছ) উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত যেকোন কার্যক্রম পরিচালনা করা।	রাফিয়া সুলতানা সহকারী পরিচালক	ফিরোজা পারভীন পরিচালক
২	রাফিয়া সুলতানা সহকারী পরিচালক প্রশাসন শাখা	ক) বাংলাদেশ কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরির পরিচালককে প্রশাসনিক কাজে সহায়তা প্রদান; খ) ঢাকা বিভাগের অধীন জেলাসমূহের গণগ্রন্থাগারগুলোর প্রশাসনিক কাজের তদারকি করা; গ) নিয়ন্ত্রণাধীন কর্মকর্তা ও কর্মচারীদের দায়িত্ব বন্টন, তদারকি ও নিয়ন্ত্রণসহ প্রশাসনিক ও ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করা; ঘ) বাংলাদেশ কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরির চলমান বিভিন্ন প্রতিযোগিতা/অনুষ্ঠান পরিচালনায় উর্ধ্বতন কর্তৃপক্ষকে সহায়তা করা; ঙ) তথ্য প্রদানকারী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করা; চ) উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত যেকোনো কার্যক্রম পরিচালনা করা।	শামসুন নাহার লাইব্রেরিয়ান	ফিরোজা পারভীন পরিচালক
৩	শামসুন নাহার লাইব্রেরিয়ান পাঠকসেবা (সাধারণ)	ক) পাঠকসেবা শাখা পরিচালনা; খ) গ্রন্থাগারে পুস্তকের শ্রেণিবদ্ধ বিন্যাস ও গ্রন্থাগারকে আকর্ষণীয় করতে বিভিন্ন উদ্যোগ গ্রহণ; গ) স্টকটেকিং কার্যক্রম; ঘ) পুস্তক ধার সেবা পরিচালনা; ঙ) পাঠক চাহিদা সংগ্রহপূর্বক পাঠক চাহিদা মোতাবেক ক্রয়ের উদ্যোগ গ্রহণ; চ) পাঠক সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ; ছ) বাঁধাই শাখা পরিচালনা; জ) দুষ্প্রাপ্য পুস্তক ব্যবস্থাপনা ও রেফারেন্স সেবা প্রদান; ঝ) উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।	মাহমুদা আক্তার লাইব্রেরিয়ান	শামীম আরা সুবর্না সিনিয়র লাইব্রেরিয়ান

৪	শাম্মী আকতার লাইব্রেরিয়ান কারিগরি প্রক্রিয়াকরণ শাখা	ক) সংগ্রহ ও বিতরণ শাখা থেকে প্রাপ্ত পুস্তক অন্তর্ভুক্তি; খ) বইয়ে বুক কার্ড, বুক পকেট ও আরএফআইডি ট্যাগ লাগানো; গ) ক্যাটালগিং ও শ্রেণীকরণ কার্যক্রম; ঘ) KOHA সফটওয়ারে পুস্তকের ডাটাবেজ ব্যবস্থাপনা; ঙ) উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।	শামসুন নাহার লাইব্রেরিয়ান	শামীম আরা সুবর্না সিনিয়র লাইব্রেরিয়ান
৫	সুমাইয়া তাসনীম সহকারী প্রোগ্রামার	ক) বাংলাদেশ কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরির ওয়েব পোর্টাল হালনাগাদ; খ) মাইগভের ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করা; গ) ই-বুক, ফ্লিপ বুক তৈরি ও ব্যবস্থাপনা; ঘ) এইচ আর সফটওয়্যার হালনাগাদ; ঙ) সার্ভার ব্যবস্থাপনা; চ) এক্সেস কন্ট্রোল সিস্টেম ব্যবস্থাপনা; ছ) উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।	রাফিয়া সুলতানা সহকারী পরিচালক	ফিরোজা পারভীন পরিচালক
৬	মাহমুদা আক্তার লাইব্রেরিয়ান পাঠকসেবা (রেফারেন্স ও শিশু কিশোর)	ক) শিশু কিশোর শাখার লাইব্রেরি কার্যক্রম পরিচালনা করা; খ) শিশু-কিশোরদের পাঠাভ্যাস বৃদ্ধি, লাইব্রেরি ব্যবহার শেখানো এবং লাইব্রেরিকে আকর্ষণীয় করে তোলার পদক্ষেপ গ্রহণ করা; গ) পাঠক বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে যোগাযোগ করা; ঘ) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের লাইব্রেরি পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা; ঙ) শিশু-কিশোরদের উপযোগী বইসহ বিভিন্ন পাঠসামগ্রী ও বিনোদন উপকরণ সংগ্রহ করা; চ) পত্রপত্রিকা ও সাময়িকী ব্যবস্থাপনা; ছ) পুস্তক ছাঁটাই কার্যক্রম; ছ) উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।	শামসুন নাহার লাইব্রেরিয়ান	শামীম আরা সুবর্না সিনিয়র লাইব্রেরিয়ান

২০/৮/২৬

(ফিরোজা পারভীন)
পরিচালক
ফোন: ০২৫৫১১০৫৪০
director.sknpl@publiclibrary.gov.bd

নং: ৪৩.২৬.০০০০.০০২.১৮.০০৬.২০২৬.২১৪; তারিখ: ২০.০৮.২০২৬ খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে:

১. পরিচালক, বাংলাদেশ কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরি, রমনা, ঢাকা।
২. সিনিয়র লাইব্রেরিয়ান, বাংলাদেশ কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরি, রমনা, ঢাকা।
৩. সহকারী পরিচালক, বাংলাদেশ কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরি, রমনা, ঢাকা।
৪. লাইব্রেরিয়ান (পাঠকসেবা, সাধারণ), বাংলাদেশ কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরি, রমনা, ঢাকা।
৫. লাইব্রেরিয়ান (কারিগরি প্রক্রিয়াকরণ), বাংলাদেশ কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরি, রমনা, ঢাকা।
৬. সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরি, রমনা, ঢাকা।
৭. লাইব্রেরিয়ান (রেফারেন্স ও শিশু কিশোর), বাংলাদেশ কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরি, রমনা, ঢাকা।
৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।
৯. অফিস কপি।

২০/৮/২৬

(রাফিয়া সুলতানা)
সহকারী পরিচালক
ফোন: ০১৬৮৮৪২৩৮৮৩
rafiasultanasabiha@gmail.com